মেহেরপুরে ৫ ইউপি চেয়ারম্যান, ৩৩ সাধারণ, নারী সদস্য ও কাউন্সিলর প্রার্থীরা প্রার্থীতা প্রত্যাহার

১৫ জুন আসন্ন মেহেরপুর পৌরসভা, সদর উপজেলার পিরোজপুর, আমঝুপি, নব গঠিত বারাদী ও শ্যামপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনের ২৬ মে প্রার্থীতা প্রত্যহারের শেষ দিন।

এদিনে শ্যামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় প্রার্থীসহ ৫ জন চেয়ারম্যান, ৩১ জন সাধারণ সদস্য (মেম্বর) ও ২ জন সংরক্ষিত নারী সদস্য তাদের প্রার্থীতা প্রত্যাহার করে নিয়েছেন।

মেহেরপুর জেলা নির্বাচন অফিস সূত্র এ তথ্য নিশ্চিত করেছেন।

প্রত্যাহারকৃত চেয়ারম্যান প্রার্থীতা হলেন, নবগঠিত শ্যামপুর ইউনিয়নের আওয়ামীলীগের দলীয় প্রার্থী আব্দুর রব বিশ্বাস, নবগঠিত বারাদী ইউনিয়ন পরিষদের মাহফুজুর রহমান, আরিফুল ইসলাম, আরজুল্লাহ রহমান ও পিরোজপুর ইউনিয়নের সামসুল আলম প্রার্থীতা প্রত্যাহার করে নিয়েছেন।

এসব ইউনিয়নে ৩১ জন সাধারণ সদস্য তাদের প্রার্থীতা প্রত্যাহার করে নেন। এরা হলেন, বারাদী ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের সাধারণ সদস্য আলতাব হোসেন, ৫ নং ওয়ার্ডের হাসানুজ্জামান, ৪ নং ওয়ার্ডের মহররম হোসেন, ৫ নং ওয়ার্ডের হাসানুজ্জামান, পিরোজপুর ইউনিয়নের ১ নং ওয়ার্ডের ইমাদুল ইসলাম, ৩ নং ওয়ার্ডের জন বিশ্বাস, ৪ নং ওয়ার্ডের আরিফুল ইসলাম খান,৬ নং ওয়ার্ডের আরিফুল ইসলাম, ৯ নং ওয়ার্ডের রফিকুল ইসলাম, আবুল কালাম আজাদ, শ্যামপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের ইনছান আলী, ৫ নং ওয়ার্ডের ইদ্রিস আলী, ৭ নং ওয়ার্ডের ইকরাম হোসেন, আব্দুল বারী, ৯ নং ওয়ার্ডের জাহাঙ্গীর হোসেন, শ্যামপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের মুক্তারুল ইসলাম, ৭ নং ওয়ার্ডের মজিবর রহমান, ৯ নং ওয়ার্ডের আলাল হোসেন, শামীম হোসেন ও সেলিম হোসেন।এছাড়া সংরক্ষিত নারী সদস্যদের মধ্যে রয়েছেন, বারাদী ইউনিয়নের সংরক্ষিত ৩ নং ওয়ার্ডের সদস্য লালবানু খাতুন, শ্যামপুর

ইউনিয়নের সংরক্ষিত নারী সদস্য জেসমিন খাতুন। এছাড়া
মেহেরপুর পৌর সভার ২ নং ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী মিজানুর রহমান জনি প্রার্থীতা প্রত্যাহার করেছেন।

উল্লেখ্য, আগামী ১৫ জন মেহেরপুর পৌরসভা, সদর উপজেলার বারাদী, পিরোজপুর, শ্যামপুর ও আমঝুপি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ জন গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৭ জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।
গ্রেফতারকৃত আসামীদের মধ্যে জিআর মামলার ৩ জন, সিআর মামলার ১ জন ও মামলা খারিজের রিকলের আসামী ৩ জন রয়েছে।
মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত এই ৪ জন আসামীকে গ্রেফতার করে। একই সময়ে সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে একটি মামলা হয়েছে। এছাড়া গাংনী ও মুজিবনগর থানা পুলিশ রিকলের আসামীদের আটক করেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। বুধবার দিবাগত রাতে মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে এ আসামীদের গ্রেফতার করে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের পৃথক টীম অভিযানে অংশ নেন।
আজ বৃহস্পতিবার (২৬ মে) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর কাজিপুর ইউনিয়নে জন অংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

এস ডি জি ইউনিয়ন গড়ার লক্ষ্য গাংনীর কাজিপুর ইউনিয়ন পরিষদে প্রত্যাশা ভিত্তিক জনঅংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (২৫ মে) বেলা ১১ টার সময় কাজিপুর ইউনিয়ন পরিষদ হল রুমে দি হাঙ্গার প্রজেক্টের সহায়তায় কর্মশালার আয়োজন করা ।
কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিকল্পনা কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর সিনিয়র প্রোগ্রাম অফিসার সুখময় পাল।
এসময় কাজিপুর ইউনিয়ন ভিডিডি এর সভাপতি সাহাবুদ্দীন, স্থানীয় পিরতলা সরকারী প্রাথমিক বিদালয়ের প্রধান শিক্ষক আব্দুল হাদী, দি হাঙ্গার প্রজেক্টের কাজিপুর ইউনিয়ন সমন্বয়কারী রোকনুজ্জামান উপস্থিত ছিলেন।
কর্মশালায় কাজিপুর ইউনিয়নের সকল ইউপি সদস্য, ইউনিয়ন পর্যায়ের সরকারি কর্মকর্তা, বিভিন্ন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বৃন্দ,ও গ্রাম উন্নয়ন দলের সদস্যরা উপস্থিত ছিলেন। কর্মশালা সঞ্চালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া অফিসের সমন্বয়কারী হেলাল উদ্দীন।

মেহেরপুরে মৎস্য চাষীদের মাঝে মৎস্য চাষের ব্যবহৃত উপকারণ বিতরণ

মেহেরপুরের সদর উপজেলার বিভিন্ন গ্রামের মৎস্য চাষীদের মাঝে মৎস্য চাষের ব্যবহৃত উপকারণ বিতরণ করা হয়েছে।

ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়িত আর ডি মৎস্য চাষীদের মাঝে এ সহায়তা দেওয়া হয়।
মেহেরপুর সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয় আজ বুধবার দুপুরের দিকে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে মৎস্য চাষীদের মাঝে উপকরণ বিতরণ করা হয়।
সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলার মৎস্য চাষীদের মাঝে এই উপকরন বিতরন করেন।
সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত উপকারণ বিতরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চূন্নু, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম উপস্থিত ছিলেন।

গাংনীতে পরোয়ানাভূক্ত আসামীকে গ্রেফতার করছে র্যাব-৬

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্প অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত আসামী মো: পলাশ আলী (৩০) কে গ্রেফতার করেছে।
পলাশ গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের পুরাতনপাড়া এলাকার ফারজেল হোসেনের ছেলে।
সে গাংনী থানার স্বারক নং ৯০ এর এনজিআর -১০/২০ এর আদালতের পরোয়ানাভূক্ত পলাতক আসামী। গোপন সংবাদের ভিত্ত্বিতে বামন্দী বাজার এলাকা থেকে আজ বুধবার (২৫মে)ভোররাত ৪ টার সময় র্যাবের একটি দল অভিযান চালিয়ে গ্রেফতার করেন। র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্প থেকে আজ বুধবার পাঠানো প্রেস বিজ্ঞপ্তি মোতাবেক এ তথ্য জানা গেছে।
গ্রেফতারকৃত আসামীকে জেলার গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৯ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্তসহ ৯ জন আসামীকে গ্রেফতার করেছে।
মঙ্গলবার দিবাগত রাতভর আজ বুধবার (২৫ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের মধ্যে সাজা মামলায় ২ জন, সিআর মামলায় ১ জন, মাদক মামলায় ১ জন, জিআর মামলায় ১ জন ও দায়ের হওয়া নিয়মিত মামলায় ৪ জন আসামী রয়েছে। মুজিবনগর থানা পুলিশ ৪ জন, সদর থানা পুলিশ ৪ জন ও গাংনী থানা পুলিশ ১ জন আসামীকে গ্রেফতার করেছেন। এদিকে গত ২৪ ঘন্টায় মেহেরপুর সদর থানায় ১ টি ও মুজিবনগর থানায় ৩ টি নিয়মিত মামলা রুজ্জু করা হয়েছে।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক সঙ্গীয় ফোর্স নিয়ে এসব আটক অভিযানে নেতৃত্ব দেন।
এসময় ১০০ গ্রাম গাঁজা ও ২৫ বোতল ফেনসিডিল উদ্ধার রয়েছে। গ্রেফতারকৃতদের আসামীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

আপন মহিমায় ভৈরব

মেহেরপুর ভৈরব নদ ফিরেছে আপন মহিমায়।এখন তার বুকে রাশি রাশি জল আর সবুজ প্রকৃতি।নদীর দু পাড়ে ভরে যাচ্ছে নানা প্রকৃতির গাছ গাছালি আর গুল্মলতায়।এখন এই নদে পাওয়া যাচ্ছে নানা জাতীয় দেশীয়

মাছ। দীর্ঘদিন সংস্কারের অভাবে নদটি হারিয়ে ফেলেছিল তার আপন চেহারা। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর পূর্ণখনন কাজ হাত দেই।তবে, কিছু এলাকায় কচুরিপানা জমে নদটিকে শ্রীহীন করে তুলছে।মেহেরপুর শহরের থানার ঘাট থেকে অনিন্দম সুন্দর এই চেহারা দৃশ্যটি ক্যামেরা বন্দী করেছেন মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু।

সাম্যের কবি নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী

আজ বুধবার (২৫ মে) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী। বাংলা সাহিত্যের অবিসংবাদিত কিংবদন্তীর জন্মদিনে কবির প্রতি জানাই গভীর শ্রদ্ধাঞ্জলি।
কবি কাজী নজরুল ইসলাম অন্যায়ের বিরুদ্ধে ছিলেন সোচ্চার, ছিলেন প্রতিবাদী। তার ক্ষুরধার লেখনি অন্যায় ও অবিচারের বিরুদ্ধে বিপ্লবের মন্ত্র উচ্চারিত হয়।
বহুমূখী বিস্ময়কর প্রতিভার অধিকারী মহান কবি ছিলেন, ঔপন্যাসিক, নাট্যকার, সুরকার, সঙ্গীতজ্ঞ, সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতা। বাংলা সাহিত্যের পরতে পরতে জড়িয়ে তার সাহিত্যকর্ম। নির্বাক হওয়া পর্যন্ত সাহিত্য-চর্চায় ব্রতী ছিলেন এই মহান কবি।
দেশের স্বাধীনতা ও মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য উপনৈবেশিক শাসক গোষ্ঠীর অন্যায়ের বিরুদ্ধে কলমকে অস্ত্র হিসেবে ব্যবহার করে কারাগারে নির্যাতিত হয়েছেন বারবার। তাই বৃটিশদের সেই জেলখানাতে বসেও বিদ্রোহী হয়ে উঠেছিলেন কবি।
কবি লখিছেলিনে,
“কারার ঐ লৌহকপাট
ভেঙে ফেল কর রে লোপাট
রক্ত-জমাট শিকল পূজার পাষাণ-বেদী
ওরে ও তরুণ ঈশান
বাজা তোর প্রলয় বিষাণ
ধ্বংস নিশান উড়ুক প্রাচীর প্রাচীর ভেদি”

কবি নজরুলের কবিতার মূল বিষয়বস্তু ছিল মানুষের ওপর অত্যাচার, সামাজিক অনাচার ও শোষণের বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ।
জাগরণের কবি কাজী নজরুল ইসলাম। উপমহাদেশের স্বাধীনতার প্রথম বলিষ্ঠ কন্ঠস্বর। তার কবিতা ও গান আমাদের মুক্তি সংগ্রামে অনুপ্রেরণা যুগিয়েছে।
বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে তার লেখা সেই বিখ্যাত গানটি “চল্ চল্ চল্ গানটি আমাদের জাতীয় রণসঙ্গীত।
আমি বিশ্বাস করি প্রত্যক্ষ ও পরোক্ষ ঔপনিবেশিক শৃঙ্খল ছিন্ন করে দেশ থেকে অন্যায় অবিচার ও অত্যাচার নির্মূল করতে তার লেখনীর আবেদন চিরদিন নির্যাতিত মানুষকে প্রেরণা যোগাবে।
পাশাপাশি সঙ্গীতে তার মানবপ্রেম, প্রকৃতিপ্রেম এবং সৃষ্টিকর্তার প্রতি আত্মনিবেদিত ভক্তিমূলক গানের আবেদন চিরকালীন ও চিরস্থায়ী হয়ে থাকবে।

মেহেরপুরে আড়ম্বর পরিবেশে চ্যানেল টোয়েন্টিফোরের ১০ম বর্ষ পূর্তি পালন

কেক কেটে ও আলোচনা সভার মধ্য দিয়ে দেশের জনপ্রিয় স্যাটেলাইট টেলিভিশন “চ্যানেল টোয়েন্টিফোরে”র ১০ম বর্ষপূর্তি পালিত হয়েছে। আজ মঙ্গলবার (২৪ মে) সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে আড়ম্বর পরিবেশে চ্যানেলটির ১০ম বর্ষপূর্তি পালন করা হয়।
চ্যানেল টোয়েন্টিফোরের মেহেরপুর জেলা স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান রাশেদের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর(পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য্য, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা আওয়াইনজীবি সমিতির সভাপতি মারুফ আহম্মেদ বিজন, সাবেক সভাপতি

অ্যাডভোকেট শফিকুল আলম, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চাঁদু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু ও উপদেষ্টা তুহিন অরন্যসহ আরো অনেকে।
মেহেরপুর প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিকের সঞ্চালনায় এছাড়া অন্যান্যদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সভাপতি প্রিন্স প্রমুখ।
চ্যানেল টোয়েন্টিফোরের ১০ম বর্ষ পূর্তিতে বিভিন্ন শ্রেনী পেশার মানুষ শুভেচ্ছা জানান এবং চ্যানেলটির শুভকামনা করেন।

মুজিবনগরে স্কুল গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা ১০ শিক্ষার্থী আহত

মুজিবনগরে একটি স্কুল লেগুনা নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কায় অন্তত ১০ শিক্ষার্থী আহত হয়েছে।
এদের মধ্যে, জাইম হোসেন, তাসিন আলী, ফারুক আহমেদ, আবু সুফিয়ানকে ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকীরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়িতে ফিরেছে।
আজ মঙ্গলবার (২৪ মে) সকাল ৯ টার দিকে মুজিবনগর জয়পুর-তারানগর রাস্তার মাঝামাঝি একটি কালভার্টের কাছে এ দূর্ঘটনা ঘটে।
আহত জায়িম হোসেন(৮)মুজিবনগর উপজেলার তারানগর গ্রামের আজিজুল হকের
ছেলে, তসিন আলি (৯) আনন্দবাস গ্রামের জামাল উদ্দিনের ছেলে, ফারুক
(৮) জয়পুর গ্রামের ফরহাদ হোসেনের ছেলে এবং আবু সুফিয়ান শুভ (৯) বাগোয়ান গ্রামের আনারুল ইসলামের ছেলে।
আহতরা সকলেই মুজিবনগরের কেদারগঞ্জ জিনিয়াস প্রি ক্যাডেট একাডেমীর প্রথম ও দ্বিতীয় শ্রেনীর ছাত্র।